গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর ঢাকা-১০০০
www.dife.gov.bd

নং:৪০.০১.০০০০.১০১.১১.০১৬.২৪-৮৪৯

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২
২২ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dife.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্রধান সহকারী<br>১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০৪ (চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ২ | হিসাবরক্ষক<br>১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ৩ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) ব্যবহারিক পরীক্ষায় সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: বাংলা-৫০ শব্দ, ইংরেজি-৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ হতে হবে। |
| ৪ | পরিসংখ্যান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে গণিত, অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ৫ | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৫ (পাঁচ)টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) ব্যবহারিক পরীক্ষায় সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: বাংলা-৪৫ শব্দ, ইংরেজি-৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ হতে হবে। |
| ৬ | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলা এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে standard Aptitude test এ উত্তীর্ণ। |

| ক্র: নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৮ (আট)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ হতে হবে। |
| ৮ | হিসাব সহকারী<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ৯ | টেলিফোন অপারেটর<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ১০ | গাড়ী চালক<br>৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১০ (দশ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; এবং<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ১১ | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ২৭ (সাতাশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২ | পরিচ্ছন্নতা কর্মী<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০১ (এক)টি | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩ | নিরাপত্তা প্রহরী<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০১ (এক)টি | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলী:**

১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

**২। এ অধিদপ্তরের ১৭ ফাল্গুন ১৮২৯ বঙ্গাব্দ/ ০৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৪০.০১.০০০০.১০১.১১.০১২.২২(পার্ট-০৩)-১৯০১ নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৭,৮,৯ ও ১০ নং ক্রমিকে বর্ণিত পদে যে সকল প্রার্থী ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। এক্ষেত্রে সরকারের প্রচলিত কোটা সংক্রান্ত বিধি বিধান প্রতিপালিত হবে।**

৩। আবেদনকারীর বয়স ০১/০৭/২০২৫ খ্রি: তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদনের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত কর্মচারীরা বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

৪। চাকরির আবেদনপত্রে সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।

৫। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৬। সরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় চাকরিরত সংশ্লিষ্ট প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

**৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

ক) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/ কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি এবং সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি বোর্ডে জমা দিতে হবে।

খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৮। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।

৯। নিয়োগ বিধিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। প্রকৃত তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগযোগ্য পদ ও পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

১২। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১৩। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইটে (**www.dife.gov.bd**) প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন পত্র প্রেরণ করা হবে না।।

**১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী নিম্নরূপ:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কোন ব্যক্তি **http://dife.teletalk.com.bd** এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করবেন।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) **Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ: ২৭-০৭-২০২৫, সকাল ১০ ঘটিকা**

**(ii) Online-এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪-০৮-২০২৫, বিকাল ৫.০০ ঘটিকা**

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন পত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদন পত্রে প্রার্থীতার রঙ্গিন ছবি (দৈঘ্য ৩০০x প্রাস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। **ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।**

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদন পত্র (Application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMSকরে ০১নং হতে ১০ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বোরো) টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা এবং ১১নং হতে ১৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে অনগ্রসর প্রার্থীদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে সকল পদে পরীক্ষার আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য)

০৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online –এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা" ।

প্রথম SMS: **DIFE**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DIFE ABCDEF**
Reply Applicant's Name, TK.**112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type **DIFE**<Space>**Yes**<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: **DIFE**<Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222নম্বরে।
Example: **DIFE Yes 12345678**
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ------.
Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dife.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMSএর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **DIFE**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.
Example: DIFE Help USER ABCDEF
(ii) PIN Number জানা থাকলে **DIFE**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN Number** and Send to 16222
Example: DIFEHelp PIN 12345678

(ঝ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা hrd.dife@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **DIFE**,Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে), পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য **www.dife.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে; এছাড়া QR Code এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লেখকৃত ওয়েবসাইটে নিয়মিতভাবে দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

(ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ফরিদ আহাম্মদ)
যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)
ও
সদস্য সচিব "বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি"
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর